নতুনের জন্য রাত জাগি!

একটা বছরে যত ব্যর্থতা, পরাজয় থাকুক না কেন, নতুন বছর এলে সব ঝুল কালি খসেপড়া পলেস্তারা সাফসুতরো করে নিজেদের যথাসম্ভব নির্মল নির্ভার রেখে সেই প্রথম সকালটার অপেক্ষায় থাকি। মন বলে, এবছরে যেটুকু হ'ল না আগামী বছরে হবে বলেই হয়নি। এই যে পিছনের যাবতীয় না-পারা ভুলে বার বার সামনে হেঁটে গন্তব্যের দিকে এগিয়ে যাওয়া, সব পারার জন্য প্রাণপাত করতে প্রস্তুত থাকা – এটাই তো অভিযাত্রী মন! অভিযান এই মনের জন্ম দেয়, লালন করে, পরিণত করে। নইলে কীসের শৃঙ্গজয়? কেন শিরোনাম? কেনই বা পতাকা ওড়ানো? এইসব প্রশ্ন আপাতত সরিয়ে রাখি। নতুনের জন্য রাত জাগি। বিদায় ২০২২। স্বাগত ২০২৩!

অবশ্য আরোহী'র কাছে ব্যর্থতার বিশেষ পরিসর নেই! মানে এই নয় যে আমাদের দলে কোনও ব্যর্থতার গল্প নেই। আছে যথেষ্ট। কিন্তু পাশাপাশি এত বড় বিচিত্র সব কীর্তি, এত পতাকা ও পালক অর্জনের খবর থাকে যে মনখারাপ করার সময় মেলে না। এই দেখুন না, বছরের শেষে জাতীয় স্তরের উদযাপনে শরিক হতে পেরেছি আমরা। এবারে ২৮ তম আন্তর্জাতিক সিনেমার আসরে জায়গা পেয়েছে দুটি বিশেষ ডকু-ফিচার। একটি চন্দনের (বিশ্বাস) দু-চাকায় হিমালয় পরিক্রমার ছবি, 'চরৈবেতি'। অন্যটি দেবাশিস বিশ্বাসের 'In Search of Himalayan Jewells' নন্দন-৩ এ দেখানো হয়েছে, এবং রসিক মহলে খুবই সমাদর ও সাবাসি পেয়েছে। চন্দন ঘরের ছেলে। দেবাশিস অতি-বিখ্যাত হলেও আরোহী'র বন্ধু, পরামাত্মীয়। দুজনই হাজারো ব্যস্ততার মধ্যেও সময় বের করে চলচ্চিত্র নির্মাণে মন দিয়েছেন, অ্যাডভেঞ্চারের থ্রিলকে সিনেমার ভাষা দিয়ে মানুষের কাছে নিয়ে গেছেন – এ কোনও লঘুকর্ম নয়। এটি বছর শেষে আমাদের বাড়তি সুখ দিয়েছে, গর্বিত করেছে।

গর্বিত করেছে পিয়ালিও। চন্দননগরের অপরিসীম শক্তির আকর শীর্নকায়া পিয়ালি বসাক-কে দেখলাম, কলকাতার এক পাঁচতারা হোটেলের ঝাঁ-চকচকে সাজানো সভাঘরে মঞ্চ ভাগ করে নিয়েছে বাঙলার যত উজ্জ্বল জ্যোতিষ্ক-দের সাথে। কে নেই সেখানে? সাহিত্যজগতের শংকর, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, প্রচেত গুপ্ত, নাট্যব্যক্তিত্ব মেঘনাদ ভট্টাচার্য, বিজ্ঞানী পার্থসারথি ঘোষ, অভিনেতা অনির্বান, এবং আরও অনেকে। ওই মঞ্চে পিয়ালি, আনন্দবাজারের বিবেচনায়, এবছরের সেরা বাঙালী অভিযাত্রী। একি কম গর্বের মুহূর্ত? দুবলা পাতলা পিয়ালি এরই মধ্যে যে কীর্তি হিমালয়ের খাস মুলুকে করে ফেলেছে সেগুলো আরোহী'র কারও অজানা নয়। তাছাড়া আরোহীই তো তাকে সম্মানিত করেছে, ঢের আগেই করেছে। অভিনন্দন পিয়ালি...। সামনে তাকাও, হিমালয় প্রভুরা অপেক্ষা করছে!

আজ এ পর্যন্ত। সবাই সুস্থ শরীরে খুশি মনে তৈরি থাকুন। ২০২৩ এলো বলে...!